দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... AUG 18 1999...
পৃষ্ঠা ২ কলাম ৬......

29

## মাদ্রাসা শিক্ষা বন্ধের প্রতিবাদে চট্টগ্রামে জনসভা, মিছিল

চট্টগ্রাম অফিস ॥ গতকাল (মঙ্গলবার) সম্মিলিত মাদ্রাসা সংগ্রাম পরিষদ উদ্যোগে 'মাদ্রাসা শিক্ষা বন্ধের' প্রতিবাদে কওমী মাদ্রাসার ছাত্র-শিক্ষকের উপর অহেতুক নির্যাতন ও 'কোরান অবমাননার' প্রতিবাদে আয়োজিত এক জনসভা নগরীর লালদীঘি ময়দানে অনুষ্ঠিত হয়। চট্টগ্রামস্থ ওয়াজেদিয়া আলীয়া মাদ্রাসার প্রিন্সিপাল আতিকুল্লাহ খানের সভাপতিত্বে অনুষ্ঠিত জনসভায় বক্তব্য রাখেন আহমদ শফি, বিএনপি নেতা সালাহউদ্দিন কাদের চৌধুরী, মীর মোহাম্মদ নাসির উদ্দিন, জাহাঙ্গীর আলম চৌধুরী, শাহজাহান চৌধুরী, মাওলানা কুতুব উদ্দিন, আবদুল মালেক হালিম প্রমুখ। পরে একটি বিক্ষোভ মিছিল নগরীর গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।